# Times Today BD

সিনিয়র রিপোর্টার | দেশজুড়ে | 30 April, 2025

‘শেরপুর জেলার উন্নয়নে ন্যায্য দাবিসমূহ বাস্তবায়নে করণীয়’ শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।শেরপুর প্রেসক্লাবের আয়োজনে মঙ্গলবার রাতে শহরের মাধবপুর এলাকার প্রেসক্লাব কার্যালয়ে অনুষ্ঠিত এই সভায় সভাপতিত্ব করেন প্রেসক্লাবের সভাপতি কাকন রেজা।

সভায় শেরপুর ডায়াবেটিক সমিতির সভাপতি ও বিশিষ্ট সমাজসেবক রাজিয়া সামাদ, বিএমএ, শেরপুর জেলা শাখার সাবেক সভাপতি মো. সুরুজ্জামান, জেলা ট্রাক মালিক সমিতির সাধারণ সম্পাদক মো. আওয়াল চৌধুরী, জেলা চালকল মালিক সমিতির সহসভাপতি জয়নাল আবেদীন, শেরপুর মডেল গার্লস কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এ বি এম মামুনুর রশীদ, জেলা বাসকোচ মালিক সমিতির সাধারণ সম্পাদক সুজিত ঘোষ, জেলা সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়নের সভাপতি শওকত হোসেন, শহীদ বুলবুল সড়ক ব্যবসায়ী সমিতির সভাপতি লুৎফর রহমান বাদল, ইদ্রিসিয়া কামিল মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা ফজলুর রহমান, শেরপুর শিল্প ও বণিক সমিতির পরিচালক তৌহিদুর রহমান, জেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি মোহসিন আলী আকন্দ, ড্যাব, শেরপুর জেলা শাখার সদস্য আব্দুল্লাহ হেল ওয়াসী খান, শিক্ষক খুরশীদ আলম, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন, শেরপুর জেলা শাখার আহবায়ক মামুনুর রহমান, প্রেসক্লাবের কার্যকরী সভাপতি রফিক মজিদ, প্রমুখ বক্তব্য দেন। সভা সঞ্চালনা করেন ক্লাবের সাধারণ সম্পাদক মাসুদ হাসান বাদল।

সভায় প্রেসক্লাবের সভাপতি কাকন রেজা বলেন, সীমান্তবর্তী শেরপুর দেশের একটি প্রান্তিক জেলা।৪০ বছর আগে শেরপুর জেলা হিসেবে প্রতিষ্ঠিত হলেও এই জেলায় কাঙ্ক্ষিত উন্নয়ন

হয়নি।স্বাস্থ্য, চিকিৎসা, শিক্ষা ও রেল যোগাযোগের ক্ষেত্রে শেরপুর এখনো অবহেলিত।শেরপুর জেলাবাসীর দীর্ঘদিনের প্রাণের দাবি মেডিকেল কলেজ, বিশ্ববিদ্যালয় ও রেলপথ স্থাপন এখনো বাস্তবায়ন হয়নি।বিগত সরকারের আমলে সুযোগ থাকা সত্বেও তৎকালীন সরকারের কয়েকজন মন্ত্রী-এমপির ব্যক্তিগত দ্বন্দ্বের কারণে এই জেলা উন্নয়ন থেকে বঞ্চিত হয়েছে। বর্তমানে অন্তর্বর্তী সরকার দেশ পরিচালনা করছে। এই সরকারে সেনা প্রধান হিসেবে যিনি দায়িত্ব পালন করছেন তাঁর বাড়ি শেরপুর জেলায়।সে হিসেবে শেরপুরের উন্নয়নের জন্য তাঁর (সেনা প্রধান) মাধ্যমে সরকার প্রধানের দৃষ্টি আকর্ষণ করা প্রয়োজন।আর শেরপুরের উন্নয়নের স্বার্থে যুক্তিসঙ্গত দাবিগুলো বাস্তবায়নে জেলার সকল পেশাজীবী ও সামাজিক-সাংস্কৃতিক সংগঠনসহ জেলাবাসীকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে। প্রয়োজনে শান্তিপূর্ণ আন্দোলনে অংশ নিতে হবে।

সভায় বক্তারা শেরপুরের উন্নয়নের স্বার্থে সর্বস্তরের পেশাজীবী, ব্যবসায়ী, শিক্ষক-শিক্ষার্থী, সমাজসেবী ও সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের সদস্যদের সমন্বয়ে মানববন্ধন ও জনসমাবেশ করার ওপর গুরুত্বরোপ করেন। পরে সভায় উপস্থিত সকলের সম্মতিক্রমে এসএসসি পরীক্ষাশেষে শেরপুরে মেডিকেল কলেজ, বিশ্ববিদ্যালয় ও রেলপথসহ জনগুরুত্বপূর্ণ দাবিসমূহ বাস্তবায়নের লক্ষ্যে মানববন্ধন করার সিদ্ধান্ত নেওয়া হয়।

সভায় শেরপুর প্রেসক্লাবের সহ-সভাপতি শাহরিয়ার মিল্টন, যুগ্ম সাধারণ সম্পাদক মহিউদ্দিন সোহেল, সাংগঠনিক সম্পাদক আবু হানিফ, কোষাধ্যক্ষ জুবাইদুল ইসলাম, প্রচার সম্পাদক জাহিদুল ইসলাম খান, দপ্তর সম্পাদক নাইম ইসলাম, সিনিয়র সাংবাদিক দেবাশীষ সাহা রায়, বিপ্লব দে কেটু, তরিকুল ইসলাম, কাজী মাসুম, মন্জুরুল আহসান, মনিরুজ্জামান রিপন, সুলতান আহাম্মেদ ময়না, সাইফুল ইসলাম মানিকসহ শেরপুরের বিভিন্ন পেশাজীবী, ব্যবসায়ী, শিক্ষক-শিক্ষার্থী, সমাজসেবী, সামাজিক-সাংস্কৃতিক সংগঠন, গণমাধ্যমকর্মীসহ শতাধিক সুধিজন উপস্থিত ছিলেন।

শেরপুর প্রেসক্লাব

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 10:52

URL: https://timestodaybd.com/public/across-the-country/7758071650